কুষ্টিয়ায় পুলিশের সাথে বন্দুক যুদ্ধে ডাকাত নিহত, অস্ত্র ও গুলি উদ্ধার

কুষ্টিয়া সদর উপজেলার হরিপুরের শালদা গ্রামে পুলিশের সাথে ডাকাত দলের বন্দুক যুদ্ধে মো: পারভেজ নামে এক ডাকাত নিহত হয়েছে। বুধবার রাত ৩টার দিকে এই বন্দুক যুদ্ধের ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে একটি বিদেশী পিস্তুল, একটি ম্যাগাজিন, তিন রাউন্ড গুলি ও রামদা উদ্ধার করেছে পুলিশ।

নিহত ডাকাত মো: পারভেজ কুষ্টিয়া শহরের আড়ুয়াপাড়া রাজারহাট এলাকার ইউসুফ আলী খানের ছেলে। তার বিরুদ্ধে বিভিন্ন থানায় ডাকাতিসহ বেশ কয়েকটি মামলা রয়েছে।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা গোলাম মোস্তফা জানান, মোঃ পারভেজকে আটকের পর তার দেওয়া তথ্যের ভিত্তিতে ডাকাতির কাজে ব্যবহৃত অস্ত্র উদ্ধারে কুষ্টিয়া সদরের হরিপুর ইউনিয়নের শালদা গ্রামে পৌছালে উৎপেতে থাকা ডাকাত দলের সদস্যরা পুলিশকে লক্ষ্য করে গুলি ছোড়ে। আত্মরক্ষার্থে পুলিশও পাল্টা গুলি চালায়।

পরে ডাকাতরা পিছু হঠলে ডাকাত পারভেজকে গুলিবিদ্ধ অবস্থায় উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে জরুরী বিভাগের কতর্ব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। ওসি জানান, পারভেজের বিরুদ্ধে বিভিন্ন থানায় ডাকাতিসহ বেশ কয়েকটি মামলা রযেছে।

নিহতের লাশ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে প্রেরন করা হয়েছে।